গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় মৌলভীবাজার
(সাধারণ শাখা)
www.moulvibazar.gov.bd

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই, 2019 মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : নাজিয়া শিরিন
জেলা প্রশাসক, মৌলভীবাজার

সভার তারিখ : ২৯-০৭-২০১৯খ্রি. সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সভা কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), মৌলভীবাজার বিগত ১৬.০৬.২০১৯খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত ও সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় মৌলভীবাজার কার্যবিবরণীর ২৯ নং ক্রমিকে ০৭ জুলাই ২০১৯ তারিখে বিশ্ব জনসংখ্যা দিবস এর স্থলে ১১ জুলাই ২০১৯ তারিখে বিশ্ব জনসংখ্যা দিবস সংশোধনের আহবান জানালে তা সংশোধনক্রমে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত আলোচনা শেষে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	আইন-শৃঙ্খলাঃ		
1	পুলিশ বিভাগঃ		
	পুলিশ সুপার, মৌলভীবাজার বা তাঁর কোন প্রতিনিধি সভায় ছিলেন না।	পুলিশ সুপার, মৌলভীবাজার বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আগামী সভায় তাঁকে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।	পুলিশ সুপার, মৌলভীবাজার।
2	আনসার ও ভিডিপিঃ		
	জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, মৌলভীবাজার সভায় জানান যে, কেপিআই স্থাপনায় নিয়োজিত আনসার সদস্যরা তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছে।	আনসাররা যাতে তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে সে বিষয়টি মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার
	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ		
৩	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার		
	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার সভায় জানান যে, উপজেলা পরিষদসমূহে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপির কাজ শতভাগ বাস্তবায়ন হয়েছে। এ জেলার প্রতিটি ইউনিয়নে গ্রাম আদালত পরিচালিত হচ্ছে। ইউনিয়ন পরিষদসমূহে এলজিএসপির কাজ শতভাগ বাস্তবায়ন হয়েছে।	(১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
		(২) গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার রাজনগর/ কুলাউড়া/কমলগঞ্জ/জুড়ী
৪	জেলা পরিষদ :		
	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি সাধারণ খাতে ৪৭০.০০ লক্ষ টাকায় ৩৪৬ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে, কাজের অগ্রগতি ৯৮%। এডিপি সাশ্রয় খাতে ১৪ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ১০০%। নিজস্ব তহবিলের আওতায় ১৬২.০২ লক্ষ টাকায় ৬২টি প্রকল্প গ্রহণ করা হয়েছে, কাজের অগ্রগতি ৯৮%। ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি সাধারণ খাতে ৬০০.০০ লক্ষ টাকায় ৩২১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০৪টি প্রকল্পের দরপত্র আহবান প্রক্রিয়াধীন এবং ১১৭টি প্রকল্পের কাজ চলমান। অন্যান্য এডিপি (কবরস্থান ও শ্মশানঘাট) ৩৩.৫০ লক্ষ টাকায় ২৮টি প্রকল্প এবং নিজস্ব তহবিলের আওতায় ১৮৯.০০ লক্ষ টাকায় ৫৭টি প্রকল্পের দরপত্র আহবান	জেলা পরিষদ কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কাজগুলো মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	প্রক্রিয়াধীন।		
	উপজেলা পরিষদ সমূহ		
৫	<u>উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর:</u> চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর সভায় উপস্থিত ছিলেন না।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর কে আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার মৌলভীবাজার সদর
৬	<u>উপজেলা পরিষদ, রাজনগর:</u> উপজেলা নির্বাহী অফিসার রাজনগর সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব এবং এডিপি'র কাজ চলমান আছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর হতে দুর্যোগ সহনীয়৮ টি ঘর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী ৮টি ঘর এ উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। দুর্যোগ সহনীয় ঘরের কাজ প্রায় শেষ পর্যায়ে। আশ্রয়ণ-২ প্রকল্প হতে "যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের আওতায় ১ম পর্যায়ের কাজ শেষ।	উপজেলা পরিষদের রাজস্ব এবং এডিপি'র বিভিন্ন প্রকল্পের কাজ মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার রাজনগর
৭	<u>উপজেলা পরিষদ, কুলাউড়া:</u> উপজেলা নির্বাহী অফিসার কুলাউড়া সভায় জানান যে, কুলাউড়া উপজেলা পরিষদের রাজস্ব এবং এডিপি'র বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণঅধিদপ্তর হতে প্রকল্পের আওতায় দুর্যোগ সহনীয়১২ টি ঘর নির্মাণ কাজপ্রায় শেষ পর্যায়ে।	উপজেলা পরিষদের রাজস্ব এবং এডিপি'র বিভিন্ন প্রকল্পের কাজ মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার কুলাউড়া
৮	<u>উপজেলা পরিষদ, শ্রীমঙ্গাল:</u> উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল সভায় জানান যে, "যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের আওতায় ঘর নির্মাণ কাজ চলছে।	"যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গাল
৯	<u>উপজেলা পরিষদ, কমলগঞ্জ:</u> উপজেলা নির্বাহী অফিসার কমলগঞ্জ সভায় জানান যে, কমলগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব এবং এডিপি'র প্রকল্পগুলোর কাজ মানসম্মত চলছে। দুর্যোগ ব্যস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর হতে দুর্যোগ সহনীয়১০ টি ঘরের নির্মাণ কাজপ্রায় শেষ পর্যায়ে"যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের আওতায় ২য় পর্যায়ে ৫০০টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত ঘর নির্মাণ কাজ চলছে।	"যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের আওতায় ২য় পর্যায়ের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার কমলগঞ্জ
১০	<u>উপজেলা পরিষদ, বড়লেখা:</u> উপজেলা নির্বাহী অফিসার বড়লেখা সভায় জানান যে, রাজস্ব এবং এডিপি'র কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষহয়েছে। "যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের ২য় পর্যায়ে আরও ২১৮টি ঘর নির্মাণ কাজ চলছে। দুর্যোগ ব্যস্থাপনা ও ত্রাণ অধিদপ্তর হতে দুর্যোগ সহনীয়১০ টি ঘরের নির্মাণ কাজপ্রায় শেষ পর্যায়ে।	"যাদের জমি আছে ঘর নেই" প্রকল্পের আওতায় ২য় পর্যায়ের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার বড়লেখা
১১	<u>উপজেলা পরিষদ, জুড়ী:</u> চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী সভায় জানান যে, জুড়ী উপজেলাকে মাদক মুক্ত করা প্রয়োজন। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন রং করণের কাজ চলছে। এছাড়া মশক নিধনের কাজ চলছে। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপির কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। জুড়ী উপজেলার ভূজিটিলা পাহাড় ধ্বসে পাহাড়ের পাদদেশে অবস্থিত কেবিআই সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকায় বিদ্যালয়টি অন্যত্র সরানো যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়।	(১) জুড়ী উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ জুড়ী
		(২) জুড়ী উপজেলার ভূজিটিলা পাহাড়ের পাদদেশে অবিস্থত কেবিআই সরকারি প্রাথমিক বিদ্যালয়টি পরিদর্শন করে পাহাড় ধ্বসার হাত থেকে বিদ্যালয়টি রক্ষার জন্য বিদ্যালয়টি অন্যত্র সরানোর ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মৌলভীবাজার।
	পৌরসভাঃ		
১২	<u>মৌলভীবাজার পৌরসভা **:**</u> মেয়র, মৌলভীবাজার পৌরসভা সভায় জানান যে, মৌলভীবাজার পৌরসভা কর্তৃক রাস্তা, ড্রেন, কালভার্ট সহ বিভিন্ন উন্নয়নমুলক কাজ চলছে। ফগিং মেশিন দিয়ে শহরের বিভিন্ন বাসা বাড়ি ড্রেনে স্প্রে করে মশক নিধনের কার্যক্রম চলমান রয়েছে। মৌলভীবাজার শহরে ১৩ জন ডেঙ্গু রোগী সনাক্ত করা হয়েছে। যারা সবাই ঢাকা থেকে	পৌরসভা কর্তৃক নির্ধারিত জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, মৌলভীবাজার পৌরসভা।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	আগত। মৌলভীবাজার ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ডেঙ্গু সনাক্তের ২৫টি কীট সরবরাহ করা হয়েছে। এছাড়া তিনি পৌরসভার কর্তৃক নির্দিষ্ট জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য সকলকে অনুরোধ জানান। মৌলভীবাজার পৌরসভার পক্ষ থেকে ঈদের দিন সন্ধ্যার মধ্যেই কোরবানীর পশুর বর্জ্য অপসারণ করে শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে।		
১৩	<u>শ্রীমঙ্গল পৌরসভা :</u> মেয়র, শ্রীমঙ্গাল পৌরসভার প্রতিনিধি সভায় জানান যে, মশক নিধনের কার্যক্রম চলমান রয়েছে।	(১) শ্রীমঙ্গাল পৌরসভার রাস্তা-ঘাট, ফুটপাত, ড্রেন নিয়মিত পরিষ্কার রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। (২) পৌরসভা কর্তৃক নির্ধারিত জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, শ্রীমঙ্গাল পৌরসভা।
১৪	<u>কুলাউড়া পৌরসভা :</u> মেয়র, কুলাউড়া পৌরসভা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি।	পৌরসভা কর্তৃক নির্ধারিত জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, কুলাউড়া পৌরসভা
১৫	<u>কমলগঞ্জ পৌরসভা :</u> মেয়র, কমলগঞ্জ পৌরসভা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি।	পৌরসভা কর্তৃক নির্ধারিত জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, কমলগঞ্জ পৌরসভা
16	<u>বড়লেখা পৌরসভাঃ</u> মেয়র, বড়লেখা পৌরসভা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি।	পৌরসভা কর্তৃক নির্ধারিত জায়গায় কোরবানীর পশু জবাইয়ের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, বড়লেখা পৌরসভা
	প্রকৌশল ও উন্নয়ন বিভাগসমূহ		
১৭	গণপূর্ত বিভাগ:		
	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার সভায় জানান যে, জেলা শিল্পকলা একাডেমী ভবনের নির্মাণ কাজসহ সকল উন্নয়নমূলক কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।	গণপূর্ত বিভাগের উন্নয়নমূলক কাজ মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
১৮	সড়ক ও জনপথ বিভাগ:		
	নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মৌলভীবাজার সভায় জানান যে, মৌলভীবাজার সড়ক বিভাগাধীন ০৪টি জেলা সড়কে উন্নয়ন কাজের জন্য "জেলা মহাসড়কসমূহ যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ(সিলেট জোন)" প্রকল্পের আওতায় সড়ক জোন, সিলেট হতে দরপত্র আহবান করা হয়েছে। ইতোমধ্যে কুলাউড়া-শমসেরনগর-শ্রীমঙ্গাল, কুলাউড়া-পৃথিমপাশা-হাজীপুর-শরিফপুর এবং জুড়ী-ফুলতলা (বটুলী) সড়ক উন্নয়ন কাজের ঠিকাদার নিয়োগপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। মৌলভীবাজারশমসেরনগর-চাতলা চেকপোস্ট সড়কের আহবানকৃত দরপত্রে যোগ্য ঠিকাদার না পাওয়ায় পুনরায় দরপত্র আহবান করা হয়েছে। উক্ত দরপত্র অনুমোদন সাপেক্ষে সড়ক জোন, সিলেট হতে কার্যাদেশ প্রদানপূর্বক উন্নয়ন কাজের ঠিকাদার নিয়োগ করা হবে। "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়কসমূহ যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ(সিলেট জোন)" প্রকল্পের আওতায় রাজনগর-কুলাউড়া-জুড়ী-বড়লেখা-বিয়ানীবাজার-শেওলা-চারখাই এবং জুড়ী-লাঠিটিলা আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন,	(১) সড়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন কাজগুলো মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। (২) সদর উপজেলা পরিষদের প্রধান ফটক সংলগ্ন স্থানে সড়ক পার্শ্বস্থ উঁচু ড্রেনটিতে যাতে সহজভাবে পানি নিষ্কাশিত হতে পারে সে জন্য উক্ত ড্রেনটি একটু নীচু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মৌলভীবাজার মেয়র, মৌলভীবাজার পৌরসভা

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	সেতু ও কালভার্ট নির্মাণসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ চলমান আছে কনকপুর ইউনিয়ন পরিষদের সামনে এবং শেরপুরে সড়কের উপর জমে থাকা পানি নিষ্কাশনের জন্য ইতোমধ্যে সড়ক পার্শস্থ ড্রেন পরিষ্কার করে দেয়া হয়েছে। টানা বৃষ্টির কারণে এবং অপরিকল্পিভাবে ময়লা আবর্জনা ফেলায় উক্ত ড্রেনগুলো প্রায় সময় বন্ধ হয়ে যায়। ফলে পুনরায় সড়কের উপর জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাই সড়কের জলাবদ্ধতা নিরসনে ড্রেন পরিষ্কার কার্য ক্রম অব্যাহত আছে। সদর উপজেলা পরিষদের প্রধান ফটক সংলগ্ন স্থানে সড়কের উপর জমে থাকা পানি নিষ্কাশনের জন্য সড়ক পার্শ্বস্থ ড্রেন পরিষ্কার করে দেয়া হয়েছে। কিন্তু উক্ত স্থানে পৌরসসভা কর্তৃক নির্মিত ড্রেন উঁচু হওয়ায় পানি সম্পূর্ণ রূপে নিষ্কাশিত হয় না। ফলে সড়কের উপর জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। বিধায় এ ব্যাপারেও পৌরসভা কর্তৃক যথাযথ পদক্ষে গ্রহণ করা প্রয়োজন।		
১৯	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার:		
	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে ৬৪টি জেলার ছোট নদী, মৌলভীবাজার জেলায় জুন, ২১৮ মাসে ভয়াবহ বন্যার কারণে মনু, ধলাই ও কুশিয়ারা নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধের ৩৮টি স্থানে ভেঙ্গে যায়। বন্যা পরবর্তী সময়ে আপদকালীন জরুরী কাজের মাধ্যমে ৫০৮.৪৬ লক্ষ টাকা চুক্তি মূল্যে ৪৩টি প্যাকেজে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের ভাঙা বন্ধকরণ, আংশিক ভাঙ্গা স্থানসমূহে অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ, বাঁধের সন্নিকটে গর্ত ভরাট কাজ সমূহ শতভাগ সম্পন্ন করা হয়েছে। এছাড়া বন্যায় বিভিন্ন বাঁধের ভাঙন মেরামত কাজ চলছে।	বাঁধের সংস্কার/মেরামত কাজ মানসম্মতভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড মৌলভীবাজার।
২০	এলজিইডি, মৌলভীবাজারঃ		
	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে পল্লী সড়ক ও কালভার্ট মেরামত রক্ষণাবেক্ষণ কর্মসূচীর আওতায় ১11টি প্যাকেজের কাজ শতভাগ শেষ হয়েছে। সমগ্র দেশের শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্পের আওতায় মৌলভীবাজার জেলায় ১৪টি ইউনিয়ন ভূমি অফিস ডিপিপিভূক্ত। তন্মধ্যে ৮টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ চলছে। যার গড় অগ্রগতি ৮৫%। ৬টি মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজের মধ্যে শ্রীমঙ্গাল, বড়লেখা, কমলগঞ্জ এবং কুলাউড়া উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২টি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজের গড় অগ্রগতি৯৫%। মৌলভীবাজার সদর উপজেলার লামুয়া গ্রামের এলজিইডির রাস্তার ১৫০ ফুট ধ্বসে যাওয়া অংশটি আরটিআইপি-২ প্রকল্প হতে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। কুলাউড়া-শাহবাজপুর রেল লাইন নির্মাণ কাজের বিভিন্ন নির্মাণ সামগ্রী আনা নেওয়ার কাজে ধারণ ক্ষমতার অধিক ওজনের মালবোঝাই ট্রাক বা যানবাহন চলাচল নিয়ন্ত্রণে রয়েছে। জুড়ী উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন,হলরুম ও ডরমিটরী ভবন মেরামত কাজের ৪০.০ লক্ষ টাকার চাহিদাপত্র, শ্রীমঙ্গাল উপজেলা প্রশাসনিক ভবন, গেজেটেড কোয়ার্টার এর আনুষাঙ্গিক মেরামত কাজের ৭৫.০ লক্ষ টাকা এবং ৭টি ইউপি কমপ্লেক্স ভবন এর আনুষাঙ্গিক মেরামত কাজের ১০৫.০ লক্ষ টাকার চাহিদাপত্র নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার এর দপ্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। *Kzj vDov Dc‡Rjvaxb 3wU iv¯ v h_vµ‡g (1) evþYevRvi-‡dÂMÄ †ivW †_‡K †bvqvMuvl -nvKvjyK-ivngwbqv evRvi †ivW fvqv gvBRMuvl (2) cyivBbMi-bilqveMÄ †ivW †_‡K gnvRb evwo †_‡K GjswMi Lvj (3) cyivBbMi-imyjMÄ-fv‡Uiv †ivW †_‡K ccgLx mwwjqvi eva †ivW |*	(১) শ্রীমঙ্গাল, বড়লেখা, কমলগঞ্জ এবং কুলাউড়া উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হওয়ায় উক্ত ভবন হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার।
		(২) কার্য বিবরণীতে উল্লিখিত উক্ত ০৪টি উপজেলার ২৩টি গ্রাম সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত ও গেজেটভূক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	(১) উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার (২) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার।
		(৩) জুড়ী উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন,হলরুম ও ডরমিটরী ভবন, শ্রীমঙ্গাল উপজেলা প্রশাসনিক ভবন, গেজেটেড কোয়ার্টার এর আনুষাঙ্গিক মেরামত কাজ, ৭টি ইউপি কমপ্লেক্স ভবন এর আনুষাঙ্গিক মেরামত কাজ এর চাহিদাপত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার।

<table>
<tr><th>ক্রঃ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td>ivRbi Dc‡Rjvaxb 17wU iv¯v h_vµ‡g (1) ewjMuI evgbx NvU (2) †`Iqvb`xwN-KvIqv`xwN (3) A‡šnix nvB¯‹z Bmjvgcy IhvC`v eua iv¯v (4) iwk`cy Iqvc`v- WvKcyZqv (nwi‡Kvbv Lvj cvj) (5) Rvwn`cy Iqvc`v eua Kvcbv wej iv¯v (6) kvncy Iqvc`veua KwbKv wej cvo †ivW (6) kvnevRcy-fzfzix eua DQvKwv` †ivW (7) Qwwje›` cvBgvix ¯‹z- Bjvg eua (8) A‡šnix LvMoKvw›`- gv‡j½vi wej †ivW (9) Rvjvjcy wRwcGm- cyRvx Lvj iv¯v (10) evMvmi - KvIqv`xwN nvIo iv¯v (11) KvbwKqvix weGdGm-KvIqv`xwN nvIi iv¯v (12) i³v cvKv iv¯v- Awgicy-KvIqv`xwN iv¯v (13) mymyZv cvKv iv¯v-eoMuI KvIqv`xwN nvIo iv¯v (14) fvÛvixMÄ cvKv iv¯v LyRvo-KvIqv`xwN nvIo †ivW (15) `yRvi K¨v‡bj - KvIqv`xwN nvIo ‡ivW (16) ‡KKzv cvKv iv¯v - `yRvi KvIqv`xwN †ivW (17) PwKqvix - KvIqv`xwN nvIo †ivW |
eo‡jLv Dc‡Rjvaxb 2wU iv¯v h_vµ‡g (1) †mvbv‡Zvjv- cvšv KUvjcy †ivW (2) †cKzv- Qwo fvqv gw›`jv exR †ivW .<br>KgjMÄ Dc‡Rjvaxb 1wU iv¯v (1) †n‡i½vevRvi ebMuI fvqv ebMuI fvqv ebMuI cvBgvix ¯‹z |<br>GgZve¯vq 4wU Dc‡Rjvi 23wU Mvg moK GjwRBwWÕi †ivW Bb‡f›Ui‡Z Ašf³ Kivi Rb¨ mfvcwZ g‡nv`‡qi `yó AvKlb Kiv করেন |</td><td></td><td></td></tr>
<tr><td>২১</td><td colspan="3">জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ</td></tr>
<tr><td></td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, চলতি অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে পানি সরবরাহ ব্যবস্থা স্থাপনের নিমিত্ত ৫টি উৎপাদক নলকূপসহ ভূগর্ভস্থ পানি ধারক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। পাইপ লাইন নির্মাণ ও পাম্প হাউজ নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে।</td><td>চা বাগান সমূহের কর্মীদের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্পের কাজ মানসম্মতভাবে সম্পাদনের অনুরোধ করা হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার।</td></tr>
<tr><td>২২</td><td colspan="3">শিক্ষা প্রকৌশল বিভাগঃ</td></tr>
<tr><td></td><td>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, অনুন্নয়ন বাজেটের আওতায় অন্যান্য ভবন ও অবকাঠামো খাতের অধীনে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন ভবন নির্মাণ কাজ শীর্ষক প্রকল্পের আওতায় ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজ হাতে নেয়া হয়েছে। ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় রাজনগর ও জুড়ী উপজেলায় ১টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর নির্মাণ কাজ চলছে। "তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায়১৫টি কলেজের একাডেমিক ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের মধ্যে ১৩ টি কাজ সমাপ্ত হয়েছে এবং ২টির কাজ চলমান রয়েছে।</td><td>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত কাজগুলো মানসম্মতভাবে সম্পাদনের অনুরোধ করা হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী,
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,মৌলভীবাজার।</td></tr>
<tr><td>২৩</td><td colspan="3">স্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</td></tr>
<tr><td></td><td>সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা সম্ব হয়নি।</td><td>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার কে আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।</td><td>সহকারী প্রকৌশলী,
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
মৌলভীবাজার।</td></tr>
<tr><td colspan="4">শিক্ষা বিভাগঃ</td></tr>
<tr><td>২৪</td><td colspan="3">জেলা শিক্ষা অফিস:</td></tr>
<tr><td></td><td>জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার এর জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম বৃদ্ধির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক এ্যাম্বাসেডর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজারগণকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভিন্ন গুজব সম্পর্কে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে।</td><td>(১) মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম পরিচালনার হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(২) শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং বিভিন্ন গুজব সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামুলক কার্যক্রম অব্যাহত</td><td>জেলা শিক্ষা অফিসার,
মৌলভীবাজার</td></tr>
</table>

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		রাখার জন্য অনুরোধ করা হলো।	
২৫	জেলা প্রাথমিক শিক্ষা অফিস:		
	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় নির্দেশনা অনুসারে অনলাইন সফটওয়্যারের এ্যাপসের মাধ্যমে সকল পর্যায়ে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। সকল শিশুর বিদ্যালয়ে ভর্তি, ঝরে পড়ার হার কমানো, এবং বিদ্যালয়ে উপস্থিতি বৃদ্ধির জন্য অভিভাবক সমাবেশ, মা সমাবেশ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, রুটিন অনুযায়ী পাঠদান পরিচালনা এবং ৩য় থেকে ৫ম শ্রেনির সকল শিক্ষার্থীর বাংলা ও ইংরেজী বিষয়ে যে কোন টেক্সট সাবলীলভাবে পড়তে পারা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা শিক্ষা অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল শিক্ষার্থীর"One Day One Word" শিখন বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।	শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং বিভিন্ন গুজব সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামুলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মৌলভীবাজার।
২৬	মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউটঃ		
	অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট সভায় জানান যে, তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনার ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে।	শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনা নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং বিভিন্ন গুজব সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামুলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	অধ্যক্ষ, মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট
২৭	মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজঃ		
	অধ্যক্ষ, মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সভায় জানান যে, তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনার ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে।	শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনা নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং বিভিন্ন গুজব সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামুলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	অধ্যক্ষ, মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ
২৮	উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার সভায় জানান যে, মৌলিক স্বাক্ষরতা প্রকল্প এর আওতায় কমলগঞ্জ ও কুলাউড়া উপজেলার মাঠ পর্যায়ে শিখন কেন্দ্রসমূহ গত১৭/১২/১৮ হতে শুরু হয়ে ২৬/০৬/২০১৯ তারিখে সমাপ্ত হয়েছে।	মনি স্বাক্ষরতা প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সমাপ্ত করার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার
	স্বাস্থ্য বিভাগঃ		
২৯	সিভিল সার্জনের কার্যালয়ঃ		
	সিভিল সার্জন, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, জুন/২০১৯ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে বহিঃবিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ২৯,৫৮৫ জন, অন্তঃবিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ৩,৯৭৫ জন, জরুরী বিভাগে সেবা গ্রহণকারীর সংখ্যা ১০,১২৬ জন, হাসপাতালে স্বাভাবিক প্রসবের সংখ্যা ২৭০ জন। কমিউনিটি ক্লিনিক সমূহে সেবা গ্রহণকারীর সংখ্যা ৭০,০৯৪ জন, স্বাভাবিক প্রসবের সংখ্যা ৩৪ জন। কয়েকদিন আগের বন্যার সময় মৌলভীবাজার সদর, রাজনগর, কুলাউড়া, কমলগঞ্জ উপজেলায় মেডিকেল টিম গঠন করা হয়েছিল। এছাড়া এডিস মশার বংশ বৃদ্ধি রোধে নিয়মিত বাসা বাড়ি, অফিস আদালতের আঙিনা পরিষ্কার করা, ফুলের টবের পানি পরিষ্কার রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভায় বিভিন্ন ডায়াগনস্টিক এবং ক্লিনিকসমূহে ডেঙ্গু সনাক্তের জন্য সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত যাতে আদায় করা না হয় সে জন্য ডায়াগনস্টিক এবং ক্লিনিকসমূহকে নির্দেশনা প্রদান এবং সরকার নির্ধারিত ফি সম্বলিত তালিকা টানানোর জন্য সিভিল সার্জন, মৌলভীবাজার কে অনুরোধ জানানো হয়।	বিভিন্ন ডায়াগনস্টিক এবং ক্লিনিকসমূহে ডেঙ্গু সনাক্তের জন্য সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত যাতে আদায় করা না হয় সে জন্য ডায়াগনস্টিক এবং ক্লিনিকসমূহকে নির্দেশনা প্রদান এবং সরকার নির্ধারিত ফি সম্বলিত তালিকা টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	সিভিল সার্জন মৌলভীবাজার

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২৮	২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালঃ		
	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার সভায় জানান যে, গণপূর্ত বিভাগ কর্তৃক হাসপাতালে বিভিন্ন সংস্কার/মেরামত কাজ চলছে। হাসপাতাল নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে। হাসপাতালে মশক নিধন অভিযান চলছে। সভায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিশেষ চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে আলোচনা হয়।	(১) ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিশেষ চিকিৎসা সেবা প্রদানের জন্য অনুরোধ করা হলো। (২) হাসপাতাল নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার
৩০	পরিবার পরিকল্পনা অধিদপ্তরঃ		
	উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি সম্প্রসারণে মাঠ কর্মীগণ তাদের দায়িত্ব যথাযথ পালন করছেন।	পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যাপকভাবে সম্প্রসারিত করার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মৌলভীবাজার
	কৃষি উৎপাদন এবং এ সংক্রান্ত সহযোগী বিভাগসমূহ		
৩১	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরঃ		
	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, নিয়মানুযায়ী ইউরিয়া ও নন-ইউরিয়া সার উপজেলা গুলোতে বরাদ্দ দেয়া হয়েছে। সারের মজুদ ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।	সারের মজুদ ও মূল্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার
3২	বিএডিসি (সেচ):		
	সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), মৌলভীবাজার সভায় জানান যে, তাদের দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	বিএডিসি (সেচ), মৌলভীবাজার কর্তৃক বিভিন্ন খাল এবং ছড়া খননের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), মৌলভীবাজার।
৩৩	বিএডিসি (বীজ বিপণন):		
	সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন), মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় বিস্তারিত আলোচনা করা সম্ভব হয়নি।	সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি(বীজ বিপণন), মৌলভীবাজার কে আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।	সিনিঃ সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন) মৌলভীবাজার।
৩৪	বনবিভাগঃ		
	সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন খাতের আওতায় কমলগঞ্জ উপজেলায় ২০.০ হেক্টর, কুলাউড়া উপজেলায় ২০.০ হেক্টর ও জুড়ী উপজেলায় ২০.০ হেক্টরসহ সর্ব মোট৬০.০ হেক্টর স্বল্প মেয়াদী বাগান সৃজনের কাজ চলমান রয়েছে এবং সে মোতাবেক নার্স ারীতে চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে। এছাড়া জনগণের মধ্যে সরকার নির্ধ ারিত মূল্যে বিক্রয় ও বিতরণের জন্য মৌলভীবাজার জেলার বিভিন্ন উপজেলায় ১,২৫,০০০টি চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে।	বন বিভাগের কার্য ক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ করা হলো।	সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৩৫	আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, মৌলভীবাজারঃ		
	বৈজ্ঞানিক কর্ম কর্ত, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, মৌলভীবাজার সভায় জানান যে, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ২০টি করে ফলের চারা বিতরণ করা হবে।	আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র এর গবেষণা কার্য ক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	বৈজ্ঞানিক কর্ম কর্ত; আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, মৌলভীবাজার
৩৬	জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরঃ		
	জেলা প্রাণিসম্পদ কর্ম কর্ত; মৌলভীবাজার সভায় জানান যে, ঈদ-উল-আযহা উপলক্ষে বিভিন্ন খামারীগণ কর্তৃক গরু মোটা তাজা করণ শুরু হয়েছে। গরু মোটা তাজা করনে যাতে স্টেরয়েড ব্যবহার না হয় সে বিষয়টি মনিটরিং হচ্ছে।	গরু মোটা তাজা করনে যাতে স্টেরয়েড ব্যবহার না হয় সে বিষয়ে কঠোর নজরদারী অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	জেলা প্রাণিসম্পদ কর্ম কর্ত; মৌলভীবাজার।
৩৭	জেলা মৎস্য অধিদপ্তরঃ		
	জেলা মৎস্য কর্ম কর্ত, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সচেতনতামুলক কার্য ক্রম অভিযান ও মোবাইল কোর্ট পরিচালিত হচ্ছে।	মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা মৎস্য কর্ম কর্ত, মৌলভীবাজার
	সামাজিক নিরাপত্তা প্রদানকারী বিভাগসমূহ:		
৩৮	যুব উন্নয়ন অধিদপ্তরঃ		
	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, বার্ষি ক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্য ক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভি স কর্মসূচীর চাকরিরতদের বরাদ্দ পাওয়া গেলে বেতন প্রদান করা হবে।	প্রশিক্ষণ কার্য ক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩৯	সমাজসেবা অধিদপ্তরঃ		
	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার সভায় জানান যে, সব ধরনের ভাতা বিতরণ করা হয়েছে। হিজরাদের জীবনমান উন্নয়নে ৫০ জন হিজরাকে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	ভাতা বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
৪০	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)		
	উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগের ২০১৯-২০ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭২৭.১৫ লক্ষ টাকা। এ পর্যন্ত ঋণ বিতরণের পরিমাণ ৩৫.৫১ লক্ষ টাকা। বিতরণের হার ৫%। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৭৪৮.২৫ লক্ষ টাকা, এ পর্যন্ত আদায়৩৭.৬৯ লক্ষ টাকা। আদায়ের হার ৫%।	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, বিআরডিবি, মৌলভীবাজার।
৪১	আমার বাড়ি খামার প্রকল্প, মৌলভীবাজারঃ		
	উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প "আমার বাড়ি আমার খামার" প্রকল্পের আওতায় এ বছরে ক্রমপুঞ্জিভূতভাবে ৯০৮ টি সমিতি গঠন, সদস্য ভর্তি ক্রমপুঞ্জিত ৩০,২৯০ জন, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত ৭১৮.৭৫ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,০১৯.৮০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৪৭৮.২৬ লক্ষ টাকা।	মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার 'আমার বাড়ি আমার খামার' প্রকল্পটি অধিক গুরুত্ব দিয়ে সদস্য সংগ্রহ, সমিতি গঠন, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার(সকল)/ জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মৌলভীবাজার
৪২	জেলা সঞ্চয় ব্যুরো, মৌলভীবাজারঃ		
	জেলা সঞ্চয় কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, 20১৯-২০ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় সংগ্রহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা সঞ্চয় কর্মকর্তা, মৌলভীবাজার।
৪৩	জেলা সমবায় বিভাগঃ		
	জেলা সমবায় অফিসার, মৌলভীবাজার সভায় জানান যে, সমবায় অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সমবায় সমিতিগুলো নিয়মিত নিরীক্ষার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা সমবায় অফিসার, মৌলভীবাজার
4৪	জেলা সঞ্চয় অফিস, মৌলভীবাজারঃ		
	জেলা সঞ্চয় অফিস, মৌলভীবাজার সভায় জানান যে, 20২৯-২০ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় সংগ্রহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা সঞ্চয় কর্মকর্তা, মৌলভীবাজার।
	সেবা প্রদানকারী বিভাগসমূহ :		
৪৫	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :		
	নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার সভায় জানান যে, বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক আছে।	বিদ্যুতের সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার
৪৬	মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিঃ		
	জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্নের লক্ষ্যে কাজ চলমান রয়েছে। মে,১৯ মাসে ৩,১৬৫টি নতুন সংযোগসহ সংযোগকৃত মোট গ্রাহক সংখ্যা ৩,৫৫,৬৪৭ জন। এছাড়া তিনি বিভিন্ন সরকারি দপ্তরের কাছে পাওনা বকেয়া বিদ্যুৎ বিল অনেকাংশে পরিশোধ করা হয়েছে। সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ রাখার চেষ্টা অব্যাহত আছে।	(১) নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৪৭	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজারঃ		
	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, যে কোন দুর্যোগ মোকাবিলায় ফায়ার সার্ভিস সর্বদা প্রস্তুত রয়েছে।	দুর্যোগ মোকাবিলায় সার্বক্ষনিক প্রস্তুত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মৌলভীবাজার
৪৮	খাদ্য বিভাগঃ		
	জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সভায় জানান যে, জেলায় বর্তমানে ১০,৭৬২.০০০ মেট্রিক টন চাল এবং ১,৪৩৪.০০০ মেট্রিক টন গম, ৬৮৬.০০ মে.টন ধান মজুদ রয়েছে। বর্তমানে জেলা সদরে ০৫ জন ডিলারের মাধ্যমে আটা বিক্রি কার্যক্রম অব্যাহত আছে। অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০১৯ এর আওতায় ৩,৮৭৯ মে.টন	নির্ধারিত সময়ের মধ্যে বোরো সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।	জেলা খাদ্য নিয়ন্ত্রক মৌলভীবাজার

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	ধান, ৩,৯০৪ মে.টন সিদ্ধ চাল এবং ৩,৮০৩ মে.টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ৩,১৩৮.৫২০ মে.টন ধান, ২,৫৮৬.৮৯০ মে.টন সিদ্ধ চাল এবং ৭৭৪.১৮০ মে.টন আতপ চাল সংগ্রহ হয়েছে। সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। সভায় নির্ধারিত সময়ের মধ্যে বোরো সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।		
৪৯	জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগঃ		
	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরের টিআর কাবিখার কাজ শেষ।	ত্রাণ ও পুনর্বাসন বিভাগ কর্তৃক বন্য দুর্গতদের মাঝে পুনর্বাসন কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার।
৫০	জালালাবাদ গ্যাসঃ		
	উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার সভায় জানান যে, জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ করা হলো।	উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, মৌলভীবাজার।
৫১	ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজারঃ		
	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার সভায় জানান যে, যাকাত ফান্ডের জন্য যাকাত আদায় করে জমা দেয়া হয়েছে। সভায় মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক ও ইমামদের মাধ্যমে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদকাসক্তি, দুর্নীতি, বাল্যবিবাহ, মানবপাচার, ইভটিজিং প্রতিরোধ এবং বিভিন্ন গুজব সম্পর্কে মুসল্লিদেরকে উদ্বুদ্ধকরণে জুম্মার খুতবার আগে বয়ান অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষক ও ইমামদের মাধ্যমে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদকাসক্তি, দুর্নীতি, বাল্যবিবাহ, মানবপাচার, ইভটিজিং প্রতিরোধ এবং বিভিন্ন গুজব সম্পর্কে মুসল্লিদেরকে উদ্বুদ্ধকরণে জুম্মার খুতবার আগে বয়ান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার
৫২	হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার সভায় জানান যে, মৌলভীবাজার জেলার ২১৮টি কেন্দ্রের মধ্যে ২০৬টি প্রাক-প্রাথমিক কেন্দ্র, ০৬টি বয়স্ক, ও ০৬টি গীতা শিক্ষা কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সভায় বিভিন্ন শিক্ষা কেন্দ্রে এবং মন্দিরে বিভিন্ন গুজব সম্পর্কে সচেতনতামুলক প্রচার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিক্ষা কেন্দ্রে এবং মন্দিরে বিভিন্ন গুজব সম্পর্কে সচেতনতামুলক প্রচার কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মৌলভীবাজার।
৫৩	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়		
	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। বরাদ্দ না থাকায় ভিজিডি তিবরণ করা যায়নি।	ভিজিডি বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার
৫৪	জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়ঃ		
	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান যে, চা বাগানে ডে কেয়ার সেন্টার এবং শিশু একাডেমীতে সব ধরনের প্রশিক্ষণসহ এ বিভাগের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে।	শিশুদের মানসিক বিকাশে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
৫৫	বিসিক, মৌলভীবাজারঃ		
	উপ-ব্যবস্থাপক, বিসিক, মৌলভীবাজার সভায় জানান যে, শ্রীমঙ্গল বিসিকের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। সেপ্টেম্বরের ২য় সপ্তাহে উদ্বোধন করা যাবে বলে আশা করা যাচ্ছে। জাতীয় দৈনিক পত্রিকায় প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। সভায় শ্রীমঙ্গল বিসিকের প্লট বরাদ্দের প্রচার কার্যক্রম চালানোর বিষয়ে আলোচনা হয়।	বিসিকের প্লট বরাদ্দের প্রচার কার্যক্রম চালানোর জন্য অনুরোধ করা হলো।	উপ-ব্যবস্থাপক, বিসিক, মৌলভীবাজার
৫৬	জেলা তথ্য অফিসঃ		
	জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার সভায় জানান যে, সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম প্রচারসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের প্রচার-প্রচারণা চালোনোর জন্য অনুরোধ করা হলো।	জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
৫৭	পরিসংখ্যান অফিস, মৌলভীবাজারঃ		
	উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, মৌলভীবাজার সভায় জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	তথ্য সংগ্রহের কাজ সঠিকভাবে পরিচালনার অনুরোধ করা হলো।	উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় মৌলভীবাজার

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫৮	শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজারঃ		
	বিভাগীয় কর্মকর্তা, শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে ১১৮ কোটি ২৮ লক্ষ ৬৩ টাকার রাজস্ব আদায় হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ভ্যাট আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হলো।	বিভাগীয় কর্মকর্তা, শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার
৫৯	জেলা ক্রীড়া অফিস, মৌলভীবাজারঃ		
	জেলা ক্রীড়া অফিস, মৌলভীবাজার সভায় জানান যে, যে, ২০১৯-২০ অর্থ বছরের বরাদ্দ ও নির্দেশিকা প্রাপ্তি সাপেক্ষে ক্রীড়া কর্মসূচী শুরু করা হবে।	২০১৯-২০ অর্থ বছরের বরাদ্দ ও নির্দেশিকা প্রাপ্তি সাপেক্ষে দ্রুত কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হলো।	জেলা ক্রীড়া অফিসার, মৌলভীবাজার
৬০	আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার এর সভায় জানান যে, তাদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	পাসপোর্ট অফিসে দালালের দৌরাত্ম্য নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার
৬১	জেলা কারাগার, মৌলভীবাজারঃ		
	তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, মৌলভীবাজার জেলা কারাগারের সামনে ময়লা আবর্জনা পরিষ্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মৌলভীবাজার পৌরসভাকে অনুরোধ জানান।	(১) জেলা কারাগারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ করা হলো।	তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, মৌলভীবাজার
		(২) জেলা কারাগারের সামনে ময়লা আবর্জনা পরিষ্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	মেয়র, মৌলভীবাজার পৌরসভা
৬২	টিসিবিঃ		
	উপ-উর্ধ্বতন কার্যনির্বাহী, টিসিবি আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর প্রতিনিধি সভায় জানান যে, টিসিবি'র পক্ষ থেকে পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে চিনি, সয়াবিন তেল বিক্রি কার্যক্রম চলছে।	মানসম্মত পণ্য বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	উপ-উর্ধ্বতন কার্যানির্বাহী, টিসিবি আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার
৬৩	বিআরটিএঃ		
	সহকারী পরিচালক, বিআরটিএ, মৌলভীবাজার সভায় জানান যে, ফিটনেস বিহীন গাড়ি এবং লাইসেন্স বিহীন চালকদের বিরুদ্ধে অভিযান পরিচালিত হচ্ছে।	ফিটনেস বিহীন গাড়ি এবং লাইসেন্স বিহীন চালকদের বিরুদ্ধে অভিযান পরিচালনার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, বিআরটিএ, মৌলভীবাজার
৬৪	বাংলাদেশ চা বাগান শ্রমিক ভবিষ্য তহবিল, শ্রীমঙ্গলঃ		
	সহকারী নিয়ন্ত্রক, বাংলাদেশ চাবাগান শ্রমিক ভবিষ্য তহবিল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, তাদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	চা বাগান কর্তৃপক্ষের নিকট থেকে নিয়মিত চাবাগান শ্রমিক ভবিষ্য তহবিলের অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।	সহকারী নিয়ন্ত্রক, বাংলাদেশ চাবাগান শ্রমিক ভবিষ্য তহবিল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
৬৫	বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজারঃ		
	উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, চা বা বাগানে উৎপাদন শুরু হওয়ার পরে শ্রমিকদের মধ্যে অসন্তোষ নিরসনে চেষ্টা অব্যাহত আছে।	চা বাগানে যাতে কোন শ্রমিক অসন্তোষ না হয় সে ব্যাপারে নজরদারী অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল
৬৬	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজারঃ		
	উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহ নিয়মিতভাবে পরিদর্শন করা হচ্ছে।	কলকারখানা ও প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো।	উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৬৭	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রঃ		
	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার সভায় জানান যে, তাদের চিকিৎসা সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার এর চিকিৎসা কার্যক্রম সঠিকভাবে পরিচালনার অনুরোধ করা হলো।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মৌলভীবাজার
৬৮	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার সভায় জানান যে, বিদেশ গমনেচ্ছু প্রবাসীদের ফিঙ্গার প্রিন্ট গ্রহণ করা হচ্ছে।	প্রবাসীদের স্বার্থ সুরক্ষায় কাজ করার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার
৬৯	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে।	ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে নিয়মিত অভিযান পরিচালনার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মৌলভীবাজার

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৭০	পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজারঃ		
	সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান যে, জুড়ী উপজেলার কেবিআই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাছে ভূজিটিলা পাহাড়টি অতিবৃষ্টি হলে ধ্বসে যাওয়ার হাত থেকে রক্ষার জন্য পাহাড় কাটার কোন সুযোগ নেই। সে ক্ষেত্রে পাহাড়টি ধ্বসার হাত থেকে রক্ষার জন্য পাহাড়ের পাদদেশে গাইড ওয়াল নির্মাণ করা যেতে পারে। এছাড়া মৌলভীবাজার বিসিক শিল্প নগরীর কারখানাগুলোর বর্জ্য অপসারণের জন্য ইটিপি নির্মাণের জন্য কারখানা কর্তৃপক্ষকে ০৩ মাস সময় প্রদান করা হয়েছে।	পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন কারখানাগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো।	সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার
৭১	জেলা মার্কেটিং অফিস, মৌলভীবাজারঃ		
	জেলা বাজার অনুসন্ধানকারী, মৌলভীবাজার সভায় জানান যে, চাউল ছাড়া অন্যান্য পণ্যের দাম উর্ধ্বগতি। এছাড়া বর্তমানে শাকসবজির মূল্য কিছুটা উর্ধ্বগতি। পেঁয়াজের মূল্য কিছুটা কমেছে।	নিয়মিত বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	জেলা বাজার অনুসন্ধানকারী মৌলভীবাজার
বিবিধঃ			
৭২	সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী এখন থেকে প্রতি মাসের তৃতীয় রবিবার সকাল ১০:০০ ঘটিকার সময় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে। এ সভার সাথে মাননীয় প্রধানমন্ত্রী তাৎক্ষণিক ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন। যথাযথ প্রস্তুতি নিয়ে সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশনা রয়েছে। সদস্য সচিব আরও জানান যে, প্রতিমাসের ৩ তারিখের মধ্যে গুরুত্বপূর্ণ সভাসমূহের কার্যপত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। সে আলোকে প্রতি মাসের ১ তারিখের মধ্যে কার্যপত্র এ কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন।	প্রতি মাসের তৃতীয় রবিবার সকাল ১০:০০ ঘটিকার সময় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে। সদস্যদের প্রতি মাসের সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। আগস্ট,২০১৯ মাসের সভা ১৮/০৮/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে।	বিভাগীয় প্রধানগণ
৭৩	সভায় জানানো হয় যে, বিভিন্ন অফিসের ওয়েব পোর্টালের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা হয় না। তথ্য হালনাগাদ করার জন্য তাগিদ রয়েছে।	ওয়েব পোর্টাল আপডেট রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।	
৭৪	সভাপতি মৌলভীবাজার জেলাকে ভিক্ষুকমুক্ত করণের জন্য বিভিন্ন দপ্তরের জমাকৃত টাকার পরিমাণ সভায় উল্লেখ করেন। জুড়ী উপজেলাকে ভিক্ষুকমুক্তকরণের জন্য ২,৮৩,৬০০/- টাকা এবং বড়লেখা উপজেলাকে =৪,০০,০০০/- টাকা প্রদানের পর জেলা প্রশাসকের নিয়ন্ত্রণাধীন ভিক্ষুকমুক্তকরণ কর্মসূচি(হিসাব নং-৫৮১১৫০২০০০১৮৮, সোনালী ব্যাংক লি. কোর্ট রোড শাখা, মৌলভীবাজার) হিসাবে =৫3,৯5,965/- টাকা জমা রয়েছে। দপ্তর প্রধানগণকে তাদের দপ্তরের ১৬তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের০১দিনের বেতন জেলা প্রশাসকের নিয়ন্ত্রণাধীন "ভিক্ষুকমুক্তকরণ কর্মসূচী" (হিসাব নং-৫৮১১৫০২০০০১৮৮, সোনালী ব্যাংক লি. কোর্ট রোড শাখা, মৌলভীবাজার) হিসাবে জমা প্রদান করে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানান।	মৌলভীবাজার জেলাকে ভিক্ষুকমুক্ত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে তাদের দপ্তরের ১৬তম গ্রেড পর্যন্ত কর্মচারীদের ০১দিনের বেতন জেলা প্রশাসকের নিয়ন্ত্রণাধীন ভিক্ষুকমুক্ত করণ কর্মসূচী বাস্তবায়নের জন্য নির্ধারিত ব্যাংক হিসাব নম্বরে জমা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।	বিভাগীয় প্রধান(সকল)/উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
৭৫	নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানী, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানী প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করা হলো।	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৭৬	জেলা ব্র্যান্ডিং বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	পর্যটনকে কেন্দ্র করে ইতিহাস ও ঐতিহ্য এবং চা বাগানকে সম্পৃক্ত করে মৌলভীবাজার জেলার জেলা ব্যান্ডিংয়ের বিষয় নির্বাচন করা হয়েছে। জেলা ব্যান্ডিং এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত "জেলা/ উপজেলার সকল সরকারি/ বেসরকারি অফিসে অত্র জেলার নয়নাভিরাম পর্যটন স্পটসমূহের ছবি/পোস্টার/ পোট্রেট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা"।	সকল দপ্তর প্রধান/ উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
৭৭	মাদক	জেলাকে মাদকমুক্ত রাখার বিষয়ে সকলের	সকল অফিস প্রধান

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।	
৭৮	গুজব	বিভিন্ন গুজব সম্পর্কে জনগণকে সচেতন রাখার বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়।	সকল অফিস প্রধান
৭৯	ডেঙ্গু	সকল অফিসের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং ডেঙ্গু সম্পর্কে সচেতন থাকার বিষয়ে প্রচারনা কার্যক্রম চালোনোর জন্য অনুরোধ করা হয়।	সকল অফিস প্রধান
৮০	কোরবানীর পশু জবাই	নির্দিষ্ট স্থানে পশু জবাই এবং বর্জ্য অপসারণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	সকল অফিস প্রধান

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
(নাজিয়া শিরিন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
মৌলভীবাজার

স্মারকনং-০৫.৪৬.৫৮০০.০০৫.০5.০০১.১৯.558

তারিখ: 30 শ্রাবণ ১৪2৬ বঙ্গাব্দ / 14 আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

1. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
3. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
4. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
5. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
6. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
7. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
8. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
9. সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
10. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
11. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
12. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
13. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
14. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
15. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
16. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
17. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
18. সচিব, নির্বাচন কমিশন সচিবালয় শেরেবাংলানগর, ঢাকা।
19. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
20. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
21. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
22. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
23. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
24. . . . .

স্বাক্ষরিত/
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
মৌলভীবাজার
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি।